

প্রেস রিলিজ

৩০ জানুয়ারি ২০২৫

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং' এ অর্জিত ডিগ্রি দেশের আর্থসামাজিক ও প্রযুক্তিগত  
উন্নয়নে কাজে লাগাতে হবে - বাউবি উপাচার্য**

ঢাকা সিটি কলেজের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত “গ্রাজুয়েশন সিরিমনি ২০২৫” আজ ৩০ জানুয়ারি ২০২৫ তারিখ বৃহস্পতিবার সকাল ১০টায় ঢাকা সিটি কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে নীল আকাশে বেলুন এবং ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা সিটি কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। উপাচার্য ‘কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং’ এ উত্তীর্ণ গ্রাজুয়েটদেরকে তাদের অর্জিত ডিগ্রি দেশের আর্থসামাজিক ও প্রযুক্তিগত উন্নয়নে যথাযথভাবে কাজে লাগানোর আহ্বান জানান। এছাড়াও উপাচার্য মেধাবী গ্রাজুয়েটদের মধ্যে ক্রেস্ট ও পদক বিতরণ করেন। ঢাকা সিটি কলেজের অধ্যক্ষ প্রফেসর কাজী নিয়ামুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা সিটি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রিয়াজ মাহমুদ খান। এছাড়াও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের গ্রাজুয়েট শিক্ষার্থী ও শিক্ষকদের অংশগ্রহণে প্রধান অতিথির নেতৃত্বে এক আনন্দ র্যালী অনুষ্ঠিত হয়।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮